



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৩৬

তারিখ ২২ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ  
০৭ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন সহযোগী প্রতিষ্ঠানসমূহের সম্মিলিত উদ্যোগে পুঁজিবাজার নিয়ন্ত্রকদের বৈশ্বিক সংস্থা International Organization of Securities Commissions (IOSCO) কর্তৃক ঘোষিত “World Investor Week 2018 বা বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৮” এর উদ্বোধনী অনুষ্ঠান অদ্য ০৭ অক্টোবর ২০১৮ ইং রোজ রবিবার কৃষিবিদ ইনস্টিটিউশনে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি। বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহব্যাপীটি আগামী অক্টোবর ৭-১১, ২০১৮ পর্যন্ত সারাদেশে উদযাপিত হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি আশাবাদ ব্যক্ত করেন যে, পুঁজিবাজার বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে যে গুরুত্বপূর্ণ অবদান রাখছে তা আরো বলিষ্ঠতর হবে। অনুষ্ঠানে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন স্বাগত বক্তব্য প্রদান করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম। এছাড়াও বিএসইসি-এর কমিশনারবৃন্দ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব, ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর প্রতিনিধিবৃন্দসহ স্টেকহোল্ডারসমূহের কর্মকর্তাবৃন্দ এবং বিনিয়োগকারীবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও বিভিন্ন অনলাইন, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিবৃন্দও উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানের পর “বিনিয়োগ শিক্ষার গুরুত্ব ও বিনিয়োগকারীর সুরক্ষা” শীর্ষক একটি কনফারেন্স অনুষ্ঠিত হয়। উক্ত কনফারেন্সে মূল প্রবন্ধ উপস্থাপন করেন কমিশনের নির্বাহী পরিচালক জনাব মোঃ মাহবুবুল আলম, নির্বাহী পরিচালক জনাব ফরহাদ আহমেদ এর সম্বলনায় পরিচালিত প্যানেলের অন্যান্য সদস্যরা ছিলেন সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব শুভ কান্তি সরকার, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব সাইফুর রহমান মজুমদার, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন এর সভাপতি জনাব নাসির উদ্দিন চৌধুরী। প্যানেল আলোচনা শেষে বিনিয়োগকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করা হয়। IOSCO ঘোষিত বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহের মূল প্রতিপাদ্য ছিল বিনিয়োগকারীদের শিক্ষা ও সুরক্ষা। এই বিষয়কে সামনে রেখে বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৮ উপলক্ষ্যে সারা দেশে মোট ৬ টি সেমিনার/ওয়ার্কশপ/আলোচনা সভা অনুষ্ঠিত হবে। এসবের মধ্যে ৫টি সেমিনার/ওয়ার্কশপ/ আলোচনা সভা ঢাকাতে ৮-১১ অক্টোবরে এবং ১০ অক্টোবরে চট্টগ্রামে অনুষ্ঠিত হবে, যার উদ্যোগ গ্রহণ করেছে সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিঃ, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন, সিটি ব্যাংক ক্যাপিটাল রিসোর্সেস্ লিঃ এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ।

এই ধরনের একটি উদ্যোগ সারাদেশে বিনিয়োগকারীদের সচেতনতা বৃদ্ধিতে একটি উল্লেখযোগ্য অবদান রাখবে বলে বক্তাগণ মত প্রকাশ করেন। সারাদেশে সাড়ম্বরে এই বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৮ এর সাথে সম্পৃক্ত সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

  
০৭.১০.২০১৮

মো: আনোয়ারুল ইসলাম  
নির্বাহী পরিচালক